

পরীক্ষা

এ বছরের এইচএসসি পরীক্ষা আগস্টের মাঝামাঝি : শিক্ষামন্ত্রী

বিশেষ প্রতিবেদক ঢাকা



উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা এ বছরের আগস্টের মাঝামাঝিতে নিতে চায় সরকার ফাইল ছবি

এ বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা আগামী আগস্টের মাঝামাঝিতে শুরু করতে পারবেন বলে আশা প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী দীপু মনি। আজ মঙ্গলবার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে এসএসসি ও সমমানের পরীক্ষা উপলক্ষে অনুষ্ঠিত আইনশৃঙ্খলা-বিষয়ক সভা শেষে সাংবাদিকদের বিফিংকালে প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী ওই আশাবাদ ব্যক্ত করেন।

দীপু মনি বলেন, এ বছর পুনর্বিন্যাস করা পাঠ্যসূচিতে পরীক্ষা হবে, তবে পূর্ণ নম্বরে সব বিষয়ে পরীক্ষা হবে। এ জন্য নির্বাচনী পরীক্ষা পিছিয়ে আগামী ৩০ মে শুরু করা হচ্ছে। তিনি আশা করেছেন, আগস্টের মাঝামাঝিতে এ পরীক্ষা নিতে পারবেন।

এর আগে ঢাকা শিক্ষা বোর্ডের উচ্চপর্যায়ের কর্মকর্তারা প্রথম আলোকে জানিয়েছিলেন, আগামী জুলাইয়ের দ্বিতীয় সপ্তাহে এ বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা নেওয়ার পরিকল্পনা থেকে সরে এসেছেন তাঁরা। নতুন পরিকল্পনা হলো আগস্টে এই পরীক্ষা শুরু করা হবে।

প্রথমে আগামী জুলাইয়ে এইচএসসি পরীক্ষা নেওয়ার পরিকল্পনা করা হয়। কিন্তু তা নিয়ে আপত্তি ওঠে। কারণ, সেটি হলে পরীক্ষার্থীদের উচ্চমাধ্যমিক ক্লাস শুরুর পর এক বছর তিন মাসেই (১৫ মাস) এ পরীক্ষায় বসতে হতো। অথচ উচ্চমাধ্যমিকের শিক্ষাবর্ষ দুই বছরের।

এ কারণে শিক্ষাবিদ ও অভিভাবকেরা বলে আসছিলেন, তাড়াহড়া করে পরীক্ষা নেওয়ার পরিকল্পনায় শিক্ষার্থীরা পড়ার চাপে পড়েছেন। এতে শিখন ঘাটতি থেকে যাওয়ার আশঙ্কা আছে। আবার জুলাইয়ে পরীক্ষা হলেও এসব শিক্ষার্থীর বিশ্ববিদ্যালয় পর্যায়ের ভর্তি পরীক্ষা হবে আগামী বছরের এপ্রিল থেকে জুন-জুলাইয়ে। ফলে দীর্ঘ সময়জুড়ে তাঁদের কোচিং করতে হবে। যার খরচের বোঝা পড়বে অভিভাবকদের ঘাড়ে। তাই প্রশ্ন ওঠে উচ্চশিক্ষার ভর্তির সঙ্গে সমন্বয় না করে শুধু এইচএসসি পরীক্ষা আগে আগে নিয়ে কী লাভ?

এ নিয়ে তখন প্রথম আলোসহ বিভিন্ন গণমাধ্যমে খবর হওয়ার পর বিষয়টি পুনর্বিবেচনা করে শিক্ষা বোর্ডগুলো। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার কিছুদিন আগে প্রথম আলোকে বলেছিলেন, গণমাধ্যমের প্রতিবেদনের পাশাপাশি তাঁরাও জানতে পেরেছেন কিছু কিছু শিক্ষাপ্রতিষ্ঠান পাঠ্যসূচি শেষ করতে পারেনি। এসব বিবেচনায় জুলাইয়ের পরিবর্তে আগস্টে এইচএসসি পরীক্ষা নেওয়ার পরিকল্পনা করা হয়েছে।

শিক্ষা বোর্ডগুলোর সূত্রে জানা গিয়েছিল, বোর্ডগুলোর পক্ষ থেকে আগস্টে পরীক্ষা নেওয়ার প্রাথমিক সিদ্ধান্তের বিষয়টি শিক্ষামন্ত্রী দীপু মনিকে জানানো হয়। শিক্ষামন্ত্রী এ বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে কথা বলে পরীক্ষা শুরুর চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। এ অবস্থায় আজ শিক্ষামন্ত্রী দীপু মনি আগস্টের মাঝামাঝিতে এই পরীক্ষা শুরু হতে পারে বলে জানালেন।

করোনা সংক্রমণের কারণে ২০২০ সালের মার্চ থেকে টানা প্রায় দেড় বছর দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে সশরীর ক্লাস বন্ধ ছিল। সে কারণে শিক্ষাপঞ্জিতে এলোমেলো পরিস্থিতির সৃষ্টি হয়, যা এখনো স্বাভাবিক হয়নি। স্বাভাবিক সময়ে এসএসসি পরীক্ষা শুরু হতো ফেব্রুয়ারির শুরুতে। আর এইচএসসি পরীক্ষা হতো এপ্রিলের শুরুতে। গত বছর ভর্তি হওয়া শিক্ষার্থীদের একাদশ শ্রেণিতে ক্লাস শুরু হয়েছিল গত বছরের ২ মার্চ থেকে। এসব শিক্ষার্থীই এ বছর এইচএসসি পরীক্ষায় বসবেন।



By using this site, you agree to our Privacy Policy.